

সিলেট সরকারি মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে শিক্ষার্থী সংকট

আবদুর রশিদ রেন, সিলেট ব্যারে

সিলেট সরকারি মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের শিক্ষার্থী সংকট চরম। প্রত্যাধুনিক যুগভঙ্গী, উন্নত ও প্রয়োজনীয় অবকাঠামো এবং স্বল্প খরচে শিক্ষা গ্রহণসহ বৃত্তির সুযোগ-সুবিধা আছে শিক্ষার্থীদের জন্য। তারপরও প্রচার না থাকায় শিক্ষার্থী সংকটে ভুগছে প্রশিক্ষণ কেন্দ্রটি। সিলেটের অনেকেই জানে না কেন্দ্রটি সম্পর্কে। পাঁচটি কারিগরি বিষয়ে ১৫০টি আসন থাকলেও সেই প্রয়োজনীয় শিক্ষার্থী আসন সংখ্যার অর্ধেক প্রশিক্ষণার্থী নিয়ে চলছে এর কার্যক্রম। মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের ব্যাপারে এ অঞ্চলের শিক্ষার্থী বা অভিভাবকরা অপ্রস্তুত না থাকায় এ অবস্থার সৃষ্টি হয়েছে বলে কর্তৃপক্ষ মনে করে। কেন্দ্রটিতে প্রশিক্ষক ও আবাসন স্বল্পতা রয়েছে। অধ্যক্ষের পদ পূর্ণ রয়েছে নির্ধারিত থেকে। দেশের বেকার মহিলাদের দক্ষ জনশক্তিতে পরিণত করার লক্ষ্যে বিগত সরকার দেশের পাঁচটি বিভাগে সরকারি মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করে। এ প্রকল্পের আওতায় দক্ষিণ সুরমার আলমপুরে প্রতিষ্ঠা করা হয় সিলেট সরকারি মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র। ৩ একর জমির ওপর ১৩ কোটি টাকা ব্যয়ে কেন্দ্রটির আনুষ্ঠানিক উদ্বোধন করেন তৎকালীন অর্থমন্ত্রী এম মাইফুর রহমান। প্রতিষ্ঠানিক কার্যক্রম শুরু হয় ২০০৭ সালের ১ আগস্ট। সিলেট সরকারি মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ঘুরে দেখা যায়। প্রত্যাধুনিক সুযোগ-সুবিধাসম্বলিত তিন তলার বিশিষ্ট ভবনের ১ম তলার রয়েছে প্রশাসনিক শাখা, অধ্যক্ষের কার্যালয়, সেমিনার কক্ষ, বিদেশী প্রশিক্ষকের কক্ষ ও একটি সেমিনার রুম। দ্বিতীয় ও তৃতীয় তলায় রয়েছে প্রশিক্ষণ কক্ষ, ল্যাবরেটরি, ৩০টি কম্পিউটার নিয়ে সাজানো কম্পিউটার ঘর। রয়েছে পরিষ্কৃত

একটি পাইপেরি। প্রশিক্ষণ কেন্দ্রে রয়েছে কম্পিউটার অপারেশন, গার্মেন্টস (ইন্ডাস্ট্রিয়াল ট্রেস মেকিং এন্ড এমব্রয়ডারি), অডিও ভিডিও সিস্টেমস, আর্কিটেকচারাল ড্রাভিং, উইথ অটোকাড, প্যাটার্ন মেকিং বিষয়ক কোর্স। তাছাড়া বুথ দিগদির ফুড প্রেসসিং এন্ড প্রিজারভেশন বিষয়ে আরেকটি বিভাগ চালু হচ্ছে। ফনির্ডর ও নিয়মিত নবন দুটি আসনো বিভাগে বছরের মে মাসে প্রশিক্ষণার্থী ভর্তি করা হয়। নিয়মিত বিভাগে সকাল সাড়ে ৭টা থেকে আড়াইটা এবং ফনির্ডর বিভাগে বিকাল ৩টা থেকে ৬টা পর্যন্ত ক্লাস নেয়া হয়। প্রতি বিষয়ে প্রশিক্ষণার্থীদের নির্ধারিত আসন সংখ্যা ৩০। কম্পিউটার বিষয়ে ভর্তির যোগ্যতা এসএসসি পাস এবং অপর ৪টি বিষয়ে ভর্তির যোগ্যতা স্ট্রিম শ্রেণী পাস হতে হবে। কেন্দ্রের নির্ধারিত ভর্তি পরীক্ষায় উত্তীর্ণরাই প্রশিক্ষণার্থী হিসেবে ভর্তির সুযোগ পান। ভর্তি ফরমের মূল্য ৩০ টাকা।